

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০৫০.৪৮.০০১.২০.১৬৮

তারিখ: ৫ আষাঢ়, ১৪২৯


১৯ জুন ২০২২

বিষয়: খাদ্যশস্য লাইসেন্সসমূহ ৩০ জুনের মধ্যে নবায়ন নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্যশস্য/খাদ্যসামগ্রী ব্যবসায়ীদের The Control of Essential Commodities Act, 1956 এর অধীনে খাদ্যশস্য লাইসেন্স এর আওতাভুক্ত করার নির্দেশনা রয়েছে। কিন্তু লাইসেন্স গ্রহণের যোগ্য ব্যবসায়ীর সংখ্যার তুলনায় লাইসেন্স সংখ্যা এখনও অনেক কম। এদিকে, গত ০১/০৬/২০২২ তারিখ হতে সারাদেশে অবৈধ মজুতের বিরুদ্ধে অভিযান পরিচালিত হচ্ছে। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর হতে পরিচালিত অভিযানে সারাদেশে অনেক লাইসেন্স মেয়াদবিহীন ব্যবসায়ী পাওয়া যাচ্ছে। তদুপরি যথাযথ তৎপরতার অভাবে লাইসেন্স গ্রহণকারী অনেকে ৩০ জুনের মধ্যে লাইসেন্স নবায়ন করেননা বিধায় লাইসেন্স সংখ্যা বৃদ্ধির পরিবর্তে হাস পাচ্ছে যা আদৌ কাম্য নয়।

এমতাবস্থায়, অতীতের এ ব্যর্থতার পুনরাবৃত্তি রোধকল্পে ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে লাইসেন্সধারী ব্যবসায়ীগণ যাতে শতভাগ লাইসেন্স নবায়ন করেন তজ্জন্য এখন থেকেই যথাযথ পদক্ষেপ (প্রচার-প্রচারণা, নোটিশ জারি, ক্ষুদেবার্তা প্রেরণ ইত্যাদি) গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৯-৬-২০২২

মোঃ আনিসুজ্জামান

পরিচালক

বিতরণ :

১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০০৫.৫০.০০৫.১৮- ১৭৫৫

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

১। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)-----

-, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। অফিস কপি।

তারিখ- ২০/০৬/২০২২ খ্রি।

সুত্রপত্রের নির্দেশনা মোতাবেক ৩০ জুন, ২০২২ খ্রি. এর মধ্যে খাদ্যশস্য লাইসেন্স নবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

চট্টগ্রাম।